



হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

(গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়)

১২০/৩, দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬

www.hbri.gov.bd

নিরাপদ ও টেকমই বাড়ি নির্মাণের ক্ষেত্রে

“নিজের বাড়ি নিজেই করি” শীর্ষক প্রশিক্ষণ

বাড়ি নির্মাণ করছেন বা করতে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তিবর্গের জন্য হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট-এ ২ দিন ব্যাপী “নিজের বাড়ি নিজেই করি” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে।

প্রশিক্ষণের উদ্দেশ্য :

- বাড়ি নির্মাণের পূর্বে করণীয় বিষয়ে সম্যক ধারণা প্রদান
- নির্মাণ সামগ্রী/উপকরণ বিষয়ে ধারণা প্রদান
- নির্মাণ ব্যবস্থাপনা সম্পর্কে ধারণা প্রদান
- বাড়ি নির্মাণে সাধারণ ভুল-ত্রুটি দূরীকরণ
- বাড়ি নির্মাণ ব্যয় নিরূপন, বিদ্যুতায়ন, পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন
- ভূমিকম্প ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ সহনীয় বাড়ি নির্মাণে করণীয় ইত্যাদি।

৯২ তম ব্যাচের সময়সূচী : ২৭-২৮ ডিসেম্বর ২০১৯ (শুক্র ও শনিবার)
(সকাল ০৯:০০ থেকে বিকাল ০৫:০০)

ফি : জনপ্রতি টাকা ২,০০০/- (দুই হাজার) মাত্র

আসন সংখ্যা ৪০ : রেজিস্ট্রেশনের শেষ তারিখ- ২৪ ডিসেম্বর ২০১৯
(০৯:০০ থেকে ০৫:০০)

দিস্তারিত তথ্যের জন্য :

মোঃ আকতার হোসেন সরকার

প্রিন্সিপাল রিসার্চ অফিসার - ৯০০০৮২০, ০১৭১৫০০৯৯০২

মোহাম্মদ শামীম আখতার

মহাপরিচালক

ফোন : ৯০৩৫২২২

ই-মেইলঃ hbri@hbri.gov.bd

নিজের বাড়ি নিজেই করি

উদ্দেশ্যঃ

দেশের গতানুগতিক নির্মাণ কর্মকাণ্ডের গুণগত মান বৃদ্ধিকরণ এবং নতুন উপকরণ উদ্ভাবন ও নির্মাণ কৌশল উন্নয়নের লক্ষ্যে গৃহ গবেষণার গুরুত্ব সর্বজনবিদিত। এ লক্ষ্য সামনে রেখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট বিগত ১৯৭৭ সাল থেকে গবেষণা কাজ সুষ্ঠুভাবে পরিচালনা এবং উদ্ভাবিত নির্মাণ উপকরণ ও পদ্ধতিসমূহ সম্প্রসারণের জন্য স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসাবে কাজ করে আসছে।

বাংলাদেশের ন্যায় একটি উন্নয়নশীল দেশে যেখানে সম্পদ অত্যন্ত সীমিত এবং ভূমির তুলনায় জনসংখ্যা বৃদ্ধির হার অত্যন্ত বেশি, সেখানে গবেষণার মাধ্যমে নির্মাণ উপকরণ ও সম্পদের অপচয়রোধ, মিতব্যয় অনুশীলন ও মান নিয়ন্ত্রণের উপায় জনপ্রিয়করণ এবং প্রচলিত নির্মাণ পদ্ধতির পরিবর্তে নতুন নির্মাণ উপকরণ ও কৌশল উদ্ভাবনের প্রয়োজনীয়তা একান্তই অনস্বীকার্য।

উপরিউক্ত লক্ষ্যগুলির পাশাপাশি হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট দেশের জনগণের, বিশেষ করে গৃহ নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের প্রশিক্ষণ দানের জন্য নিয়মিত বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে। “নিজের বাড়ি নিজেই করি” এর মধ্যে অন্যতম।

পাকাবাড়ি নির্মাণের পূর্বে একজন নির্মাণকারীর মধ্যে যে উৎসাহ ও উদ্দীপনা থাকে নির্মাণ কাজে হাত দেওয়ার পর সে উৎসাহ ও উদ্দীপনায় ভাটা পড়তে থাকে। নির্মাণ কাজ শেষ হওয়ার আগেই মনে বার বার প্রশ্ন জাগে-বাড়িটি সময়মত হবে কি না; নির্মাণ কাজ ঠিক মত হবে কি না; ইট, বালু, সিমেন্ট ও রডের গুণগমান ঠিক আছে কি না; প্রাক্কলিত মূল্যের মধ্যেই বাড়িটি শেষ করা যাবে

কিনা, ইত্যাদি। এ ধরনের সমস্যা একজন নির্মাণকারীকে অনেক সময় অত্যন্ত অসহায় আর হতাশাগ্রস্ত করে তোলে।

যৌরা বাড়ি করছেন বা করতে যাচ্ছেন তারা যদি পাকা বাড়ি নির্মাণের সামান্যতম বাস্তব অভিজ্ঞতা অর্জন করতে পারতেন তাহলে উপরোক্ত প্রশ্নের বা সমস্যাগুলি অনায়াসেই উপেক্ষা করতে পারতেন বা হীনমন্যতায় ভুগতে হত না।

এসব বিষয় বিবেচনায় রেখে পাকা বাড়ি নির্মাণের বিভিন্ন সমস্যার সমাধান, নির্মাণ ব্যয় হ্রাস এবং সুষ্ঠুভাবে বাড়ি নির্মাণের উদ্দেশ্যে পাকা বাড়ি নির্মাতাদের কিছু সঠিক ধারণা প্রদানের জন্যই “নিজের বাড়ি নিজেই করি” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন।

প্রশিক্ষণ বিষয়াবলীঃ

প্রশিক্ষণ কর্মসূচির আওতায় যে সব সমস্যাবলী সম্পর্কে ধারণা ও বাস্তব অভিজ্ঞতা বর্ণনা করা হবে, তা হচ্ছে নিম্নরূপঃ

- পাকা বাড়ি নির্মাণের পূর্বে করণীয় বিষয়াবলী যথা জমি নির্বাচন, স্থাপত্য ও কাঠামো নকশা প্রণয়ন, মৃত্তিকা পরীক্ষা ইত্যাদি।
- বাড়ির নির্মাণ ব্যয় নিরূপন করা।
- নির্মাণ উপকরণ যেমন, ইট, বালু, সিমেন্ট, রড, কাঠ, ক্রয়ের পূর্বে মান যাচাই করা।
- দক্ষ মিস্ত্রি নির্বাচন ও নিয়োগ করা।
- নির্মাণের সময় ভুলত্রুটি সম্বন্ধে ওয়াকেকেবহাল হওয়া এবং সাবধানতা অবলম্বন করা।
- বাড়ির বিভিন্ন অংশে রঙ ব্যবহারের পদ্ধতি।
- বাড়িতে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা।
- বাড়ির বৈদ্যুতিক ও যান্ত্রিক সার্ভিসসমূহ।
- নির্মাণ উপকরণের অপচয় রোধকরণ।
- নির্মাণ ব্যয় হ্রাসকরণ এবং
- বাংলাদেশে ভূমিকম্পের সম্ভাবনা ও বাড়ি নির্মাণে সাবধানতা, ইত্যাদি।

ফেরোসিমেন্ট পানির টাংক ব্যবহার করুন

পরের পৃষ্ঠায় বর্ণিত আবেদন পত্রটি পূরণ করে অথবা এর ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে পাঠিয়ে দিন। কোর্স ফি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা নগদে পরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট এর বরাবরে পরিশোধ করা যাবে।

বাড়ি নির্মাণে ঝুঁকি নিবেন না

গৃহ নির্মাণ সংক্রান্ত যে কোন পরীক্ষা নিরীক্ষা ও পরামর্শের জন্য যোগাযোগ করুন।

নিজের বাড়ি নিজেই করি

নামের তালিকাভুক্তির আবেদন পত্র

প্রশিক্ষার্থীর নামঃ-----

ঠিকানাঃ-----

ফোন নম্বরঃ-----

ব্যাংক ড্রাফত/পে-অর্ডারের বিবরণ

প্রশিক্ষার্থীর স্বাক্ষরঃ-----

তারিখঃ-----

প্রয়োজনে ফটোকপি ব্যবহার করতে পারবেন।

প্রশিক্ষকবৃন্দঃ

কোর্সটি পরিচালনা করবেন নির্মাণ কাজের সাথে জড়িত এবং দেশ-বিদেশে উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত অত্র প্রতিষ্ঠানের গবেষক প্রকৌশলী, স্থপতি এবং বিজ্ঞানীগণ। এছাড়া নির্মাণ কাজের সংগে সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের বিশেষজ্ঞগণও প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালন করবেন।

প্রশিক্ষণে যীরা অংশগ্রহণ করতে পারবেনঃ

যে কোন ব্যক্তি (পুরুষ অথবা মহিলা) যিনি পাকা বাড়ি নির্মাণ করতে যাচ্ছেন বা আগামীতে বাড়ি নির্মাণ করতে ইচ্ছুক এমন সব ব্যক্তি কিংবা তাঁর প্রতিনিধি প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন।

প্রশিক্ষণ স্থানঃ

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
১২০/৩, দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬।

সময়কালঃ ২৭-২৮ ডিসেম্বর ২০১৯
২দিন (শুক্র ও শনিবার) সকাল
৯:০০ থেকে বিকাল ৫:০০

আসন সংখ্যাঃ ৪০


(আগে আসলে আগে পাবেন ভিত্তিতে)

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

প্রশিক্ষণ সেল
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
ফোনঃ ৯০৩৫২২২, ৯০০৮১৯-২২

নিজের বাড়ি নিজেই করি

প্রশিক্ষণ কর্মসূচি



হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

১২০/৩, দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬

ফোনঃ ৯০৩৫২২২, ৯০০০৮১৯-২২, ফ্যাক্সঃ ৮০৬০৭৭৩

ওয়েবসাইটঃ www.hbri.gov.bd

ক্রমিক নং : ৯২.....



হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১২০/৩ দারুস-সালাম, মিরপুর, ঢাকা

প্রশিক্ষণ

“নিজের বাড়ি নিজেই করি” (৯২তম ব্যাচ)

২৭ - ২৮ ডিসেম্বর ২০১৯

নাম তালিকাভুক্তির আবেদন পত্র

প্রশিক্ষণার্থীর নাম (বাংলায়) :-----

(ইংরেজিতে বড় হাতের অক্ষরে) :-----

পিতার নাম :-----

ঠিকানা :-----

শিক্ষাগত যোগ্যতা :-----

পেশা :-----

ফোন নাম্বার :-----

ই-মেইল :-----

স্বাক্ষর :-----

তারিখ :-----